

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারকনং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩.৬০৫

তারিখ-০৩/৯/২০২০খ্রি:

বিষয়: পটুয়াখালী জেলার দুমকি উপজেলায় সাব গ্রুপ (সলিডারিটি গ্রুপ) ভিত্তিক ঋণ বিতরণ কার্যক্রম পর্যায়ক্রমে বন্ধকরণ প্রসঙ্গে।

সূত্র: পটুয়াখালী জেলা দপ্তরের স্মারকনং- ৪৭.৬২.৭৮০০.৯৬১.০০.৪০৪.১৭.৩২৩, তারিখ- ২৬/৮/২০২০ খ্রিঃ,
দুমকি উপজেলা, পটুয়াখালী জেলা দপ্তরের স্মারক নং- ৪৭.৬২.৭৮৫৫.০০০.০০.০০০.২০.৩২২, তারিখ-১৮/৮/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির আওতায় সুফলভোগীদের বিভিন্ন আইজিএ ভিত্তিক ঋণ বিতরণ কার্যক্রমে শৃংখলা ফিরিয়ে আনার স্বার্থে ইতিপূর্বে স্মারকনং- ৪৭.৬২.০০০.৯৬১.০০.৪০৪.১৩.২৪০, তারিখ-২২/৭/২০২০ খ্রিঃ তারিখ মূলে পটুয়াখালী জেলার দুমকি উপজেলায় সাব গ্রুপ ভিত্তিক ঋণ বিতরণ কার্যক্রম বন্ধ করা হয়। কিন্তু সরাসরি সাব গ্রুপ ভিত্তিক ঋণ বিতরণ বন্ধ রাখায় মাঠ পর্যায়ে ঋণ কার্যক্রম স্থবির হয়ে যাওয়ায় তাঁর দপ্তরের সুপারিশ অনুযায়ী পর্যায়ক্রমে সাব গ্রুপ ভিত্তিক ঋণ বিতরণ বন্ধ রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, এক্ষেত্রে প্রতিটি সমিতির বিদ্যমান ৪/৫ টি সাব গ্রুপের স্থলে পর্যায়ক্রমে কমিয়ে প্রথম পর্যায়ে সর্বোচ্চ ২টি এবং পরবর্তীতে সমিতি ভিত্তিক ঋণ কার্যক্রম পরিচালনা করতে হবে। এছাড়া যে সকল সমিতিতে কিস্তি আদায়ের হার কম তা বৃদ্ধি করতে হবে এবং এককালীন ঋণ পরিশোধকৃত সমিতিতে পুনঃরায় ঋণ বিতরণ করা যাবে না।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা মোতাবেক ঋণ কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ হলো। অন্যথায় আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
দুমকি উপজেলা, পটুয়াখালী জেলা।

সদয় অবগতির জন্য:

- ১। উপপরিচালক, বিআরডিবি, পটুয়াখালী জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, দুমকি উপজেলা, পটুয়াখালী জেলা।
- ৫। পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৬। হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, দুমকি উপজেলা, পটুয়াখালী জেলা।
- ৭। অফিস কপি।